

ইডেন কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে আনা অভিযোগের প্রতিবাদ এবং বহিক্ষুত নেতৃত্বের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শাখা ছাত্রলীগের সভাপতি তামাঙ্গা জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানার অনুসারীসহ শতাধিক শিক্ষার্থী মুখ চেকে এই কর্মসূচিতে অংশ নেয়। গতকাল মঙ্গলবার বিকালে কলেজের ২ নম্বর গেট থেকে ১ নম্বর গেট এলাকায় সাধারণ শিক্ষার্থী ব্যানারে এই মানববন্ধন হয়। এদিকে সংঘর্ষের কারণ জানতে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে কলেজ প্রশাসন।

গত কয়েকদিন ধরেই ইডেন কলেজ ছাত্রলীগের রাজনীতিতে উত্তাপ ছড়াচ্ছে অভ্যন্তরীণ কোন্দল। দুই গ্রন্তির নেতাকর্মীরা পরস্পরের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলছেন। এরই ধারাবাহিকতায় ইডেন কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সামিয়া রহমান বৈশাখী গণমাধ্যমে অভিযোগ করেন কলেজের শিক্ষার্থীদের ‘অন্তেক’ কাজে বাধ্য করাচ্ছেন শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক। এর জেরে দুই গ্রন্তির কর্মীদের মধ্যে সংঘর্ষও হয়েছে। পরে ১৬ নেতৃত্বে বহিক্ষার করে শাখা ছাত্রলীগের কার্যক্রম স্থগিত করা হয়। গতকাল মঙ্গলবার মানববন্ধনে দেখা যায়, ইডেন কলেজ ছাত্রলীগ থেকে বহিক্ষুত ১৬ নেতৃত্বের প্রশাসনিক শাস্তির দাবিতে বিভিন্ন প্ল্যাকার্ড প্রদর্শন করা হচ্ছে। মানববন্ধনে অংশ নেওয়া শিক্ষার্থীদের বেশির ভাগকেই মুখ ঢাকা রাখতে দেখা যায়। এতে ঐশ্বর্য মালাকার নামে এক শিক্ষার্থীকে নেতৃত্ব দিতে দেখা যায়। তিনি রাজিয়া হলের ২০৪ নম্বর রুমে থাকেন। এ রুম ইডেন কলেজ ছাত্রলীগের সভাপতি তামাঙ্গা জেসমিন রিভার নিয়ন্ত্রণাধীন।

advertisement 3

মানববন্ধনে ঐশ্বর্য মালাকার বলেন, বহিক্ষুত ছাত্রলীগ নেতৃ বৈশাখীসহ অন্যরা ইডেন কলেজের শিক্ষার্থীদের নিয়ে যে বক্তব্য দিয়েছে তাতে আমরা সামাজিক, পারিবারিকসহ বিভিন্ন মাধ্যমে সমালোচনা ও হেনস্থার শিকার হচ্ছি। কলেজ প্রশাসনের কাছে আমাদের দাবি- তাদের প্রশাসনিকভাবে বহিক্ষার করা হোক।

advertisement 4

খোদেজা খাতুন হলের এক শিক্ষার্থী বলেন, গণমাধ্যমে ইডেন কলেজের শিক্ষার্থীদের নিয়ে বহিক্ষুত ছাত্রলীগ নেতৃ বৈশাখী যে বক্তব্য দিয়েছেন তাতে আমাদের কলেজের সুনাম ক্ষুণুcece হয়েছে। সে কারণে আমরা আজ মানববন্ধন করছি। তিনি খোদেজা খাতুন হলের ৩০৯ নম্বর রুমে থাকেন। খোঁজ নিয়ে যায়, ৩০৯ নম্বর রুম ইডেন কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানার।

মানববন্ধন শেষ হওয়ার পর ক্যাম্পাসে প্রবেশ করেন ইডেন কলেজ ছাত্রলীগের সভাপতি তামাঙ্গা জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানা।

এদিকে, ছাত্রলীগের দুই গ্রন্তির সংঘর্ষের ঘটনায় চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে রাজধানীর ইডেন মহিলা কলেজ কর্তৃপক্ষ। গতকাল মঙ্গলবার কলেজের অধ্যক্ষ অধ্যাপক সুপ্রিয়া ভট্টাচার্য জানান, সংঘর্ষের কারণ জানতে গত ২৫ সেপ্টেম্বর এই কমিটি গঠন করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে কমিটিকে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

বর্তমানে কলেজের পরিস্থিতি শান্ত রয়েছে জানিয়ে অধ্যক্ষ বলেন, কলেজ ছুটি বা হল বন্দের বিষয়ে কোনো সিদ্ধান্ত নেইনি। অফিসিয়াল যে কোনো সিদ্ধান্ত নোটিশের মাধ্যমে জানানো হবে।

